আজকের কাগজ

তারিখ 19 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ৪

## কুমিল্লা শিক্ষা বোর্ড

# পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২৫০০ পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন

**খায়রুল আহসান মানিকঃ** কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বের্ডের ১৯৯২ সালের অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অসুদোপায় অবলম্বনের দায়ে মোট ২ হাজার ৫'শ ১জন পরীক্ষার্থীর বিরুদ্ধে বিভিন্ন মেয়াদের শাস্তি মূলক ব্যবস্থা গহন করা হয়েছে বলে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত ৫৯৭(৩০০০) তাং ১১ নভেম্বর স্মারক সূত্রে জানা গেছে।

গত ১৭ সেপ্টেম্বরে অনুষ্ঠিত বোর্ডের শৃঙ্খলা বিধান কমিটি এসব পরীক্ষার্থীদের বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে এ শাস্তি আরোপ ও ব্যবস্থা গ্রহণ করেছেন।

শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীর সর্বোচ্চ সংখ্যা হলো বৃহত্তর কুমিল্লা জেলায়। বৃহত্তর চট্টগ্রাম জেলায় চকরিয়া কেন্দ্রে ১'শ ৭ জন পরীক্ষার্থী এ শাস্তির আওতায় এসেছে। কেন্দ্র হিসেবে এটাই সর্বোচ্চ সংখ্যক বলে জানা গেছে।

জেলা ওয়ারী শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে বৃহত্তর কুমিল্লায় ৮'শ ৭৫জন, বৃহত্তর চট্টগ্রামে ৭'শ ৪৭জন, বৃহত্তর নোয়াখালীতে ৫'শ ৪৮ জন ও বৃহত্তর সিলেটে ৩৩১জন।

বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী বৃহত্তর কুমিল্লা জেলার বিভিন্ন কেন্দ্রের ৬শ' ৩৯জন, বৃহত্তর চট্টগ্রাম জেলার ৪শ' ২৪জন, বৃহত্তর নোয়াখালী জেলায় ৩শ' ৩৪জন ও বৃহত্তর সিলেট জেলার ১শ' ৫০ জন পরীক্ষার্থীকে তাদের ১৯৯২ সালের পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে। তবে তারা ইচ্ছে করলে ১৯৯৩ সালের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

বৃহত্তর কুমিল্লা জেলার ২শ' ১৩জন বৃহত্তর চট্টগ্রামের ২শ' ৭১জন, বৃহত্তর নোয়াখালীর ২শ' ১২জন ও বৃহত্তর সিলেট জেলার ১শ' ৭৮জন পরীক্ষার্থীকে তাদের ১৯৯২ সালের পরীক্ষা বাতিল সহ ১৯৯৩ সালের মাধ্যমিক পরীক্ষা থেকে বিরত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

কর্তৃপক্ষ বৃহত্তর কুমিল্লা জেলার ৪জন, বৃহত্তর চট্টগ্রাম জেলার ১জন, বৃহত্তর নোয়াখালী জেলার ২জন, বৃহত্তর সিলেট জেলার ২জন পরীক্ষার্থীর ১৯৯২ সনের প্রীক্ষা বাতিল সহ ১৯৯৩ ও ৯৪ সালের পরীক্ষায় অংশ গ্রহণ থেকে বিরত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

বৃহত্তর সিলেট জেলার ২জন, বৃহত্তর চট্টগাম জেলার ১জন পরীক্ষার্থীর ১৯৯২ সালের পরীক্ষা বাতিল সহ ১৯৯৩,৯৪ ও ৯৫ সালের পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এ ব্যাপারে বোর্ডের অধীন সকল মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র ও বোর্ডের অন্যান্য কর্মকর্তাদের অবহিত করা হয়েছে।